

ড্যাফোডিল ভার্শিটিতে ওয়ার্ল্ড স্কুল ডিবেটিং চ্যাম্পিয়নশিপ

০২ অক্টোবর ২০১৮, ০০:০০



বাংলাদেশের ইংরেজি মাধ্যমের সর্ববৃহৎ বিতর্ক উৎসব ‘বাংলাদেশ ডিবেট কাউন্সিল ১৫তম প্রি-ওয়ার্ল্ড স্কুল ডিবেটিং চ্যাম্পিয়নশিপ ২০১৮’ গত ২৯ সেপ্টেম্বর ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে শেষ হয়েছে। দুই দিনব্যাপী অনুষ্ঠিত এ বিতর্কে উদ্বোধনপর্বে চ্যাম্পিয়ন হয়েছে স্কলাসটিকা স্কুল, মিরপুর এবং রানারআপ হয়েছে রাজউক উত্তরা মডেল স্কুল। অপর দিকে, শিক্ষানবিশপর্বে চ্যাম্পিয়ন হয়েছে স্কলাসটিকা স্কুল, মিরপুরের অপর একটি দল এবং রানারআপ হয়েছে আদমজী ক্যান্টনমেন্ট স্কুল অ্যান্ড কলেজ। ডিবেটর অব দ্য টুর্নামেন্ট হওয়ার গৌরব অর্জন করেছে স্কলাসটিকা স্কুলের শিক্ষার্থী কাজী ফারদিন ইশরাক এবং দুই পর্বেই সেরা বিতর্কিক হয়েছে একই স্কুলের শিক্ষার্থী নূর-ই-আজিজ। ড্যাফোডিল ইউনিভার্সিটির ৭১ মিলনায়তনে অনুষ্ঠিত সমাপনী ও পুরস্কার বিতরণী উৎসবে প্রধান অতিথি ছিলেন ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো: সবুর খান। এ সময় আরো উপস্থিত ছিলেন মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এ এম এম হামিদুর রহমান, সহযোগী ডিন অধ্যাপক ড. ফারহানা হেলাল মেহতাব প্রমুখ। বিজ্ঞপ্তি।